বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ব্যবস্থাপনা পরিচালক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২১-২২/১৪৯ তারিখঃ ০৫-০৮-২০২১ খ্রিঃ

প্রিয় সহকর্মীবৃন্দ

আগস্ট মাস শোকের মাস। আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে শাহাদৎ বরণকারী সকল বীর মুক্তিযোদ্ধাকে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাত্রিতে শাহাদৎ বরণকারী সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

০২। আপনারা অবগত আছেন যে, বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আলী হোসেন প্রধানিয়া ২৯-০৭-২০২১ তারিখে পিআরএল এ গমন করেছেন। অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী আমি বিগত ৩১-০৭-২০২১ তারিখে ব্যবস্থাপনা পরিচালকের (চলতি দায়িত্ব) দায়িত্বভার গ্রহণ করেছি। মাঠ পর্যায়ের সকলের অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা, আন্তরিকতা ও দক্ষতার সাথে ব্যাংকের যাবতীয় কার্য সম্পাদন করায় ২০২০-২১ অর্থ বছরে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, বৈদেশিক রেমিট্যান্স, শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার ক্ষেত্রে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। এ সাফল্য অর্জনের জন্য আপনাদেরকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এছাড়াও কোভিড-১৯ অভিঘাত মোকাবেলা ও অর্থনীতি পুনরুদ্ধারে সরকারের নেয়া আর্থিক প্রণোদনা প্যাকেজ শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ব্যাংকের সকল শাখা (১০৩৮টি) ইতোমধ্যে অনলাইন সেবার আওতাভূক্ত হয়েছে।

০৩। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনাদের প্রজ্ঞা, মেধা ও দক্ষতার মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরে ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে। বাংলাদেশ কৃষি ব্যাংক কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে গ্রামীণ অর্থনীতির পুনর্গঠন ও দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতে অতীতের ন্যায় বলিষ্ঠ ভূমিকা পালন করবে।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২০-২১ অর্থ বছরের অর্জন অব্যাহত রাখার স্বার্থে ২০২১-২২ অর্থবছরে ব্যাংকের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার শতভাগ নিশ্চিত করার জন্য পরিকল্পিতভাবে সময় ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য ব্যাংকের সকল সহকর্মীকে উদাত্ত আহবান জানাচ্ছি। আমি আশা করছি সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকলে চলতি অর্থবছরে আমরা বিগত অর্থবছরের অর্জনকে অতিক্রম করতে সক্ষম হব।

০৫। পরিশেষে আমি বিকেবি'র সকল সহকর্মীর ব্যক্তিগত ও পারিবারিক জীবনে সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ব্যাংকের সার্বিক সাফল্য কামনা করছি।

স্বাস্থ্যবিধি মেনে চলি, করোনা প্রতিরোধ করি। আল্লাহ্ আমাদের সহায় হোন।

শুভেচ্ছান্তে,

শিরীন আখতার ০৫/০৮/২০২১
ব্যবস্থাপনা পরিচালক
(চলতি দায়িত্বে)

সকল মহাব্যবস্থাপক
সকল উপমহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক
ও অন্যান্য সকল কর্মকর্তা-কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক।